নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২৩০ — ০৬ আগস্ট ২০২৫

**সংবাদ বিজ্ঞপ্তি**

# নোবিপ্রবিতে শিক্ষার্থীদের অংশগ্রহণে সেমিনার অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষার্থীবৃন্দের অংশগ্রহণে 'ফ্রম ড্রিম টু রিয়েলিটিঃ এ রোডম্যাপ টু সাকসেস' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (০৬ আগস্ট ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে এ সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ। সেমিনারে কি-নোট স্পিকার ছিলেন যুক্তরাজ্যের ন্যাশনাল হেলথ সার্ভিসের ম্যানেজার ড. মোস্তাফিজুর রহমান। প্রোগ্রাম মডারেটর ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক ড. মো. আবদুল কাইয়ুম মাসুদ।

সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, সফলতার জন্য জীবনের অভিজ্ঞতাগুলো কাজে লাগাতে হবে। হতাশ হওয়ার কোনো সুযোগ নেই। জীবনের যে কোনো বাঁকে যে সিদ্ধান্তগুলো আপনি নিবেন তাতে অবিচল থেকে সামনে এগিয়ে যেতে হবে। পেছনে ফেরার কোনো সুযোগ নেই। সাফল্য অর্জন করতে হলে কোন পদ্ধতি অনুসরণ করতে হবে এবং কর্মক্ষেত্রসহ প্রতিটি ক্ষেত্রে চ্যালেঞ্জ কিভাবে মোকাবিলা করতে হবে এ সেমিনারের মাধ্যমে সে সম্পর্কিত জ্ঞান অর্জিত হবে বলে মনে করি।

সেমিনারের কি-নোট স্পিকার যুক্তরাজ্যের ন্যাশনাল হেলথ সার্ভিসের ম্যানেজার ড. মোস্তাফিজুর রহমান বলেন, আমরা যদি মেধার সঠিক ব্যবহার ও দক্ষতাকে কাজে লাগাতে পারি তখনই সফল হওয়া সম্ভব। জীবনে প্রতিবন্ধকতা থাকবে, কিন্তু আত্মবিশ্বাসী থাকতে হবে। প্রতিনিয়ত নতুন নতুন তথ্য জানতে হবে। মনকে প্রফুল্ল রাখতে হবে। নিজ নিজ ক্ষেত্রে বাধা অতিক্রম করেই এগিয়ে যেতে হবে। অনেক বিষয় রয়েছে যা আমাদের সুস্বাস্থ্যের সঙ্গে জড়িত। এক্ষেত্রে স্বাস্থ্য সুরক্ষা খুবই গুরুত্বপূর্ণ একটি বিষয়। আমরা যদি স্বাস্থ্যকর জীবনযাপন করি তখন আমাদের জীবনীশক্তি বাড়বে। শিক্ষার্থীরা আমাদের আশার বাতিঘর। তোমাদের সাফল্যেই দেশের সাফল্য।

উল্লেখ্য, উক্ত সেমিনারে নোবিপ্রবির বিভিন্ন ইনস্টিটিউট ও বিভাগের শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪